## EI SAMAY DATED 14.12.2022

# শহরে পাইপে গ্যাস

**এই সময়:** ইএম বাইপাস ও নিউ টাউনের অন্তত ১৫টি হাউজিং কমপ্লেক্সের বাসিন্দারা আগামী বাংলা নববর্ষের আগেই পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের সরবরাহ পাবেন। বৃহত্তর কলকাতা অঞ্চলে গাড়ির জ্বালানি সিএনজি ও গৃহস্থের হেঁসেলে পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহের দায়িত্বপ্রাপ্ত সংস্থা বেঙ্গল গ্যাস কোম্পানি ইতিমধ্যে আরবানা, ইউনিওয়ার্ল্ড সিটি ও রোজডেল হাউজিং কমপ্লেক্সে পাইপ গ্যাস পরিকাঠামো গড়ে তুলেছে। কিন্তু, কিছু অনুমতি না মেলায় গ্যাসের সরবরাহ এখনও চালু করতে পারেনি। উদিতা, অভিসিক্তার মতো আরও কিছু আবাসনে শীঘ্র পাইপ গ্যাস পরিকাঠামো তৈরি হয়ে যাবে বলে বেঙ্গল গ্যাসের মার্কেটিং ও কমার্শিয়াল হেড পঙ্কজ কুমার বিশ্বাস মঙ্গলবার জানিয়েছেন।

এদিন কলকাতায় বণিকসভা ফিকি আয়োজিত প্রাকৃতিক গ্যাস সংক্রান্ত একটি কনক্লেভে তিনি বলেন, 'চলতি অর্থবছরের মধ্যে ১২টির বেশি হাউজিং কমপ্লেক্সে পাইপের মাধ্যমে গ্যাস সরবরাহ চালু হয়ে যাবে। তিনটি বড় কমপ্লেক্সে পাইপলাইন পরিকাঠামো ইতিমধ্যেই তৈরি হয়ে যাওয়ায় আমরা সরবরাহ আগেই চালু করে দিতে পারতাম। কিন্তু, কিছু অনুমতি পেতে সময় লাগছে। বর্তমানে আমরা আরও ৯-১০টি কমপ্লেক্সে পাইপলাইন বসাচ্ছি।'

সিএনজি স্টেশন গড়ার পরিকল্পনার বিষয়ে পঙ্কজ জানিয়েছেন, চলতি ক্যালেন্ডার বছরের মধ্যে শহরে আরও চারটি সিএনজি স্টেশন গড়ে উঠবে। এখন কলকাতা ও তার আশেপাশে সাতটি সিএনজি স্টেশন রয়েছে। বৃহত্তর কলকাতায় বেঙ্গল গ্যাসের লক্ষ্য মোট ৪,৭০০ সিএনজি স্টেশন গড়ে তোলার পাশাপাশি ১ কোটি গৃহস্থকে পাইপে করে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা।

এদিকে আগামী জুনের মধ্যে কলকাতা থেকে ৫৩ কিলোমিটার দূরে নদিয়ার গয়েশপুরে গেইলের গ্যাসের পাইপলাইন চলে আসবে বলে আশা করা হচ্ছে। সেখান থেকে নিজেদের পাইপলাইন টেনে কলকাতা ও তার আশেপাশের জেলাগুলিতে গ্যাস নিয়ে আসবে বেঙ্গল গ্যাস ও এইচপিসিএল।

## EI SAMAY DATED 15.12.2022

# ভ্রম সংশোধন

**এই সময়:** বুধবার ১৪ ডিসেম্বর 'এই সময়'-সংস্করণে 'শহরে পাইপে গ্যাস' শীর্ষক সংবাদে প্রকাশিত হয়েছে, '..অন্তত ১৫টি হাউজিং কমপ্লেক্সের বাসিন্দারা আগামী বাংলা নববর্ষের আগেই পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের সরবরাহ পাবেন।' যা আদতে, '... কয়েকটি হাউজিং কমপ্লেক্সের বাসিন্দারা...পাবেন আশা করা হচ্ছে।' হবে। একই প্রতিবেদনে প্রকাশিত হয়েছে, '... বেঙ্গল গ্যাসের লক্ষ্য মোট ৪,৭০০ সিএনজি স্টেশন গড়ে তোলার পাশাপাশি ১ কোটি গৃহস্থকে পাইপে করে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করা।' যা সঠিক তথ্য নয়। এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য আমরা আন্তরিক দুঃখিত।

THE TELEGRAPH DATED 14.12.2022

# ONGC to start drilling in Bengal

OUR SPECIAL CORRESPONDENT

**Calcutta:** Oil and Natural Gas Corporation Ltd is planning to drill seven development wells in the state, setting the stage for the long awaited commercial exploitation of hydrocarbon deposits from the Bengal basin.

A proposal to drill the wells in and around Ashoknagar in North 24-Parganas, the epicentre of the PSU's exploration activities in Bengal, will be placed before the ONGC board in the next few months. If the field development plan is approved, it will be submitted before the directorate-general of hydrocarbons (DGH) for final approval.

ONGC sees potential to produce 45,000-50,000 cubic meters of natural gas per day from Ashoknagar.

"It would take about two years to drill the development wells, which will produce a mix of oil and natural gas. The wells will come up within a radius of two kilometres," Shyamal Bose, chief general manager of ONGC, said.

He was speaking at a stakeholders' consultation on natural gas in Bengal, organised by business chamber Ficci. ONGC has dug up three exploratory wells in and around the Ashoknagar area.

Once commercial viability is established, ONGC plans to tap into the city-gas distribution network of HPCL and GAIL's trunk pipeline and deliver the gas.

"We feel ONGC will have a bright future in Bengal in the next five years," Bose added.

Gas carrier GAIL is hoping to remove the obstacles in laying the pipeline from Panagarh to Gayeshpur, a town bordering Nadia and North 24-Parganas.

"Our target is June 2023. We are pretty confident this time around, given the proactive support from the state in arranging land to lay the pipeline," Asim Prasad, chief general manager of GAIL, said at the meeting.

The trunk line to Gayeshpur, located about 50 kilometre north of Calcutta, will be a crucial step in connecting the metropolis and its adjoining area with the national gas grid.

Bengal Gas Company Ltd, a joint venture between GAIL and the Bengal government, which is licensed to provide piped gas to Calcutta, will build the infrastructure to connect Gayeshpur with the city.

Prasad said that delay in implementation would hurt the consumer as the cost on account of the time over-run would be added to the transportation cost. Often the compensations provided by gas carriers are perceived to be inadequate by the landowners.

Anurag Srivastava, senior special secretary in commerce & industry of Bengal, said the progress of the gas pipeline network is being monitored by the state.

Bhashit Dholakia, chief operating officer of Indian Oil-Adani Gas Pvt Ltd, who spoke at the meeting, said the company has started providing piped gas to households in its geographic areas of east and west Burdwan.

BGCL's head of marketing Pankaj Kumar Biswas said the construction of the pipeline network in and around Calcutta was in full swing in anticipation of GAIL's trunk line. It is targeting large housing complexes on EM Bypass and Rajarhat to provide piped gas to consumers.

**HUNT STARTS**

- PSU plans to drill seven development wells at Ashoknagar, North 24 Parganas
- Basin has potential to produce 45,000-50,000 cubic meters of natural gas daily
- After commercial viability, ONGC will deliver the gas through HPCL and GAIL networks

ANANDABAZAR PATRIKA DATED 14.12.2022

# পাইপলাইন তৈরিতে দেরির আশঙ্কা

নিজস্ব সংবাদদাতা

কলকাতা ও সংলগ্ন এলাকায় প্রাকৃতিক গ্যাস জোগাতে রাষ্ট্রায়ত্ত সংস্থা গেল-এর জগদীশপুর-হলদিয়া পাইপলাইন মার্চ-এপ্রিলের মধ্যে নদিয়ার গয়েশপুর পর্যন্ত সম্পূর্ণ হওয়ার কথা। কিন্তু বর্তমান পরিস্থিতিতে তা জুন পর্যন্ত পিছোতে পারে বলে জানাল সংস্থাটি। পাইপের গ্যাস সাধারণ ক্রেতাকে বণ্টন করবে বেঙ্গল গ্যাস (বিজিসি), হিন্দুস্তান পেট্রলিয়াম (এইচপিসি), আইওসি-আদানির মতো সংস্থা। বিজিসির বিপণন বিভাগের প্রধান পঙ্কজকুমার বিশ্বাসের অবশ্য বক্তব্য, দ্রুত ছাড়পত্র পেলে বাংলা নববর্ষের সময়ে রান্নার জ্বালানি হিসেবে কলকাতা ও শহরতলির কিছু আবাসনে বিশেষ ভাবে সিলিন্ডারে ভরে ও ট্রাকে করে (কাসকেড পদ্ধতিতে) আর এক ধরনের প্রাকৃতিক গ্যাস (কোল বেড মিথেন) পৌঁছনো সম্ভব।

মঙ্গলবার ফিকির অনুষ্ঠানে গেল-এর কলকাতা আঞ্চলিক দফতরের সিজিএম অসীম প্রসাদ জানান, ২০৩০ সালের মধ্যে রাজ্যে গাড়ির জ্বালানির ১৬০০টি সিএনজি স্টেশন, রান্না ও শিল্পের জ্বালানি হিসেবে তিন কোটি পিএনজি (পাইপের মাধ্যমে) সংযোগ দেওয়ার পরিকল্পনা রয়েছে। কিন্তু পাইপ বসাতে জমি ব্যবহারের সায় দ্রুত না পেলে পিছোয় প্রকল্পের সময়সীমা। বাড়ে খরচ। অবশ্য রাজ্য প্রকল্পে সাহায্য করছে। ওএনজিসির কর্তা শ্যামল বসু জানান, অশোকনগরে গ্যাসের ভান্ডার থেকেও গেল-এর পাইপে গ্যাস জোগানের পরিকল্পনা আছে। এইচপিসির জিএম সঞ্জয় ঘোষের বক্তব্য, গ্যাস বণ্টনে ৭০০০ কোটি টাকা লগ্নি করবেন। দুই বর্ধমানে পাঁচ বছরে ১৫০০-১৮০০ কোটি লগ্নির কথা জানান আইওসি-আদানি গ্যাসের সিইও বশিষ্ঠ ঢোলাকিয়া।

**TIMES OF INDIA DATED 14.12.2022**

# PNG supply to kitchens to start with 15 condos

## A REALITY SOON

- Urbana, Uniworld, Abhishikta, Udita, Rosedale among complexes to get PNG
- Gail pipeline to be completed by June 23
- Bengal Gas is now bringing gas to city in tankers from Durgapur
- Bengal Gas plans 4,700 CNG stations in Greater Kolkata area in next few years



File pic of a Bypass complex

> By end of this fiscal, PNG service will start in more than a dozen complexes
>
> **Pankaj Kumar Biswas** | HEAD (MARKETING & COMMERCIAL) OF BENGAL GAS

**Uditprasanna.Mukherjee**
@timesgroup.com

**Kolkata:** Residents of at least 15 high-rises off Bypass and in New Town will get piped natural gas (PNG) ahead of Bengali New Year. Bengal Gas company, the entity authorised to supply CNG and PNG to Greater Kolkata, has already installed piped gas infrastructure in three big complexes — Urbana, Uniworld City and Rosedel. It couldn't start supply as some permissions were pending. Now housings like Udita, Abhishikta will have PNG network soon.

**BYPASS & NEW TOWN**

Kolkata is the only metro not having piped natural gas. The head (marketing and commercial) of Bengal Gas, Pankaj Kumar Biswas, said by end of this fiscal, PNG service would start in more than a dozen complexes. "Pipeline infrastructure is ready in three big housings. We are laying pipelines in 9-10 more complexes," he added. Biswas was at a seminar organised by FICCI.

The company is bringing natural gas in tankers from Durgapur for CNG stations in the city which will now be used for PNG as well. Biswas said the city has seven CNG stations now and by end of this year, it would have four more.

Bengal Gas is a JV between Greater Calcutta Gas Supply and Gail. The company plans to have 4,700 CNG stations and one crore PNG connections in its command area. The command area of Greater Kolkata includes entire KMC area, North 24 Parganas up to Barasat, New Town and Budge Budge in South 24 Parganas and some parts of Hooghly.

Main gas pipeline of Gail will reach Gayespur in Nadia by June 2023. HPCL and Bengal Gas are preparing trunk line infrastructure to bring gas from the last point of Gail pipeline. Chief general manager (Kolkata zonal office) of Gail, Asim Prasad, said from Durgapur the pipeline is coming to Rajarambati in Hooghly where it would cross the Ganges and go up to Gayespur. "This would be the last point of Gail pipeline. From here, it would be on city gas distribution players," he added.

Sanjay Ghosh, GM CGD of HPCL, said it has started work to bring gas via trunk line to Nadia, North and South 24 Parganas and Hooghly.

**TIMES OF INDIA DATED 15.12.2022**

**Corrigendum:** The article, 'PNG supply to kitchens to start with 15 condos', published on page 2 of TOI on Wednesday (December 14, 2022) mentions: "The company plans to have 4,700 CNG stations and one crore PNG connections in its command area". However, Bengal Gas Company has clarified that the figures quoted are of CNG stations & DPNG connections across India. The error is regretted.